

ডাক্ছে মো'দের দেশ-জননী,  
 চ'ল্বে স'বাই অগ্রে চল ;  
 দৃপ্ত বুকে আয় রে নিয়ে  
 দেশের সেবায় আত্মবল ।

শ্রীঅখিলচন্দ্র দাশ  
 প্রথম বার্ষিক বিজ্ঞান বিভাগ ।

## লালা লাজপৎ রায়

কোন্ সেই শুভদিনে ভারত-পশ্চিমে  
 জন্মেছিলে তুমি বীর ভারত-গৌরব ?  
 অস্তুরের অস্তুরে জেগেছিল কবে  
 দারুণ বেদনা তব মাতৃদুঃখ স্মরি' ?  
 মৃত্যুহীন প্রাণ লয়ে এসেছিলে যবে,  
 সর্ব স্বার্থ সাঁপে দিতে জননীর পদে,  
 মহাত্মার প্রিয় মিত্র ! জানেনি তখন  
 পরাধীন অবজ্ঞাত দীন এ ভারত  
 মহিমা তোমার । অন্যায়-পেষণ-জাত  
 নিদারুণ মর্ষব্যথা ভারত মাতার  
 তুমি সত্য বুঝেছিলে, তাই পেলে স্থান  
 ত্রিশকোটি সন্তানের মানস-মন্দিরে ।

এই সেই পুণ্যভূমি যেথা একদিন  
 স্বাধীনতা পৃথবারি গঙ্গা গোদাবরী  
 বহিতেন অবিরত কুলু কুলু রবে,  
 যেথা আৰ্য্য ঋষিগণ প্রতিভা-গৌরবে  
 আরোহিল জ্ঞান-ধর্ম্ম-অত্যাচ্চ-সোপানে,  
 পশ্চিম আছিল যবে অস্ত্র নগ্ন-কায় ।  
 সেই পুণ্য দেশজাত স্বাধীন সন্তান  
 হারিয়ে ফেলেছে সব শক্তি আপন  
 • ভুলিয়া হয়েছে দাস পরূপদ-তলে ।  
 জাগাইতে মৃত সুপ্ত দেশবাসীগণে  
 মুক্তিমন্ত্রে কাম্যে আর সমাজ-সেবায়  
 সেধেছ অক্লান্ত কাজ, তাই এ ভারত  
 ফেলিছে অঝোর অশ্রু মরণে তোমার ।  
 স্বর্গ হ'তে ঢাল শক্তি, ঢাল আশীর্ব্বাদ  
 ভারত-সন্তান-শিরে অজস্র ধারায় ।  
 বাজুক মঙ্গল শব্দ, গাছুক বিহগ,  
 • ঘুচুক সকল শঙ্কা ভারত-মাতাব ।  
 “উঠ, জাগ” এই বণী হউক মন্ত্রিত ;  
 ভারতের গৃহে গৃহে জাগুক সন্তান  
 গাঢ় নিদ্রা হ'তে, গাছুক সকলে মিলি,  
 “জয় ভগবান” নীলাকাশ উন্মথিয়া ;  
 ছুটুক আনন্দ-বান ভারতে আবার ।

শ্রীমহিমারঞ্জন রায়  
 প্রথম বার্ষিক শ্রেণী । •